দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 19 JAN 2003 ...
পৃষ্ঠা ...১১... কলাম ........

# রাজধানীর স্কুল ও কলেজের ছাত্রছাত্রীদের জন্য নিজস্ব বাস সার্ভিস চালু হচ্ছে

সুনীল ব্যানার্জী ॥ রাজধানী ঢাকার বিভিন্ন স্কুল-কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য সুখবর। এসব শিক্ষার্থীকে আর হেঁটে বা রিক্সায় শিক্ষা প্রতিষ্ঠানে যাতায়াত করতে হবে না। এ জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে ছাত্রছাত্রীদের জন্য নিজস্ব বাস সার্ভিস চালু করতে বলা হচ্ছে। ইতোমধ্যেই এ সার্ভিস চালু করার নির্দেশনামা তৈরি হয়েছে। এই নির্দেশনামা চলতি সপ্তাহেই পাঠানোর উদ্যোগ নেয়া হচ্ছে। নির্দেশে ছাত্রছাত্রীদের যাতায়াতের সুবিধার্থে প্রতিটি স্কুল-কলেজে বাধ্যতামূলকভাবে বাস সার্ভিস চালু করতে বলা হচ্ছে। চলতি শিক্ষাবর্ষ থেকে এই ব্যবস্থা চালু করতে হবে। রাজধানী ঢাকার হাজার হাজার ছাত্রছাত্রীর শিক্ষা প্রতিষ্ঠানে যাতায়াতে বিড়ম্বনার কথা চিন্তা করে এই ব্যবস্থা নেয়া হচ্ছে। রাজধানীর কয়েকটি রুটে রিক্সা চলাচল বন্ধ করে দেয়ায় ছাত্রছাত্রীদের শিক্ষা প্রতিষ্ঠানে যাতায়াতে দারুণ অসুবিধা হচ্ছে। এর ওপর স্কুটারের সংখ্যা কম হওয়ায় এই অসুবিধা আরও প্রকট হয়ে উঠেছে। এই প্রকট সমস্যা থেকে ছাত্রছাত্রীদের মুক্ত রাখার জন্য ঢাকা মহানগরের ট্রাফিক বিভাগ নয়া উদ্যোগ নিয়েছে। সরকারী স্কুল-কলেজসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে এই ব্যবস্থা প্রথমে কড়াকড়িভাবে পালন করা হবে। ঢাকা মহানগর পুলিশের ট্রাফিক বিভাগের ডেপুটি কমিশনার (সাউথ) জনাব মুসা এ খবরের সত্যতা স্বীকার করে বলেন, প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ছাত্রছাত্রীদের জন্য বাস সার্ভিস থাকা বাঞ্ছনীয়। এতে সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের শিক্ষা প্রতিষ্ঠানে যাতায়াতের বিড়ম্বনা কমবে। সঙ্গে সঙ্গে তাদের নির্ধারিত সময়ে যাতায়াত নিশ্চিত হবে। এ প্রসঙ্গে তিনি বলেন, রাজধানীর অধিকাংশ স্কুল-কলেজে নিজস্ব কোন যানবাহন নেই। এমনকি নাম-করা ও প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানগুলোতে যা ব্যবস্থা আছে তা অত্যন্ত অপ্রতুল। অথচ অধিকাংশ প্রতিষ্ঠানে নানা উছিলায় অভিভাবকদের কাছ থেকে মোটা অঙ্কের ফিস আদায় করা হয়। ছাত্রছাত্রীদের সুবিধার্থে স্বতন্ত্র যানবাহন ব্যবস্থার জন্য একটু উদ্যোগ নিলেই সমস্যার সমাধান হবে। উক্ত পুলিশ কর্মকর্তা আরও জানান, চলতি শিক্ষাবর্ষ থেকে এই ব্যবস্থা চালু করার জন্য সম্ভাব্য সব রকম ব্যবস্থা নেয়া হয়েছে।